গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩২১

তারিখ: ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসার কর্মরত জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স- D055475) এর প্রার্থীত জন্ম তারিখ সংশোধনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (১) জেলা শিক্ষা অফিসার, ঢাকা এর স্মারক নং-জিশিঅ/ঢা/৫১৮;তারিখ:৩১/০৩/২০২১
(২)তদন্ত কমিটির এর তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০২.০১৩.১৮-০২;তারিখ:০৭/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসার কর্মরত জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স নং- D055475) এর এমপিওতে জন্ম তারিখ সংশোধন বিষয়ক একটি আবেদন সূত্রোস্থ ০১ নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, ঢাকা কর্তৃক সুপারিশসহ অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০২. আবেদনের বিষয়টি নিস্পত্তির লক্ষ্যে তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামতপ্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব জান্নাতুন নাহার, সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা), মাশিঅ এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়।সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়।তদন্ত কমিটির মতামত নিম্নরূপ, "প্রতিকার প্রার্থী জনাব মোঃ এমদাদুল হক (ইনডেক্স- D055475), এর এমপিওশিটে জন্ম তারিখ সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইয়ে দেখা যায় যে,(ক)জনাব মোঃ এমদাদুল হক (ইনডেক্স- D055475), **সহ সুপার** পদে ২০/০৭/১৯৯৭ খ্রি: তারিখে যোগদান করেন এবং নভেম্বরর/২০১০ মাসে প্রথম এমপিও ভুক্ত হন। প্রথম এমপিও শীটে হতেই জন্ম তারিখ ০১/০৩/১৯৬৩ বিদ্যমান রয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-৩৭.১৬.০০০০.০১২.১৮.০০১.২০/৭৭০; এ ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক; উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বিএমইবি কর্তৃক প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে "জনাব মোঃ এমদাদুল হক এর দাখিল ও আলিম পাসের তথ্যাবলী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর রেকর্ডের সাথে যাচাই করে নিম্নরূপ তথ্য পাওয়া যায়- দাখিল পরীক্ষা-বোর্ডের রেকর্ডে জন্ম তারিখ উল্লেখ নেই। তবে পরীক্ষার বছর (১৯৭৪) ১লা মার্চ তারিখে বয়স ১২ বছর উল্লেখ রয়েছে এবং আলিম পরীক্ষা-বোর্ডের রেকর্ডে জন্ম তারিখ উল্লেখ নেই। তবে পরীক্ষার বছর (১৯৭৬) ১লা মার্চ তারিখে বয়স ১৪ বছর উল্লেখ রয়েছে।"বোর্ড কর্তৃক প্রেরিত তথ্যের প্রেক্ষিতে দাখিল ও আলিম সনদে পাসের বছরে উল্লিখিত বয়স অনুযায়ী প্রতিকারপ্রার্থীর জন্ম তারিখ ০১/০৩/১৯৬২। জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখ ০১/০৩/১৯৬২ ।

(খ)প্রতিকার প্রার্থী জনাব মোঃ এমদাদুল হক তার জন্ম তারিখ সনদ (দাখিল ও আলিম) এবং জাতীয় পরিচয়পত্রের অনুরুপ (০১/০৩/১৯৬২) হিসেবে সংশোধন চেয়ে নিজ স্বাক্ষরে আবদন করেছেন মর্মে স্বশরীরে ০৪/০১/২০২১ খ্রি. তারিখে সাক্ষাৎকারে জানিয়েছেন এবং মূল সনদ ও জাতীয় পরিচয় পত্র প্রদর্শন করেছেন। জনাব মোঃ এমদাদুল হক (ইনডেক্স- D055475) , এর সনদ (দাখিল ও আলিম), জাতীয় পরিচয় পত্রে জন্ম তারিখ ০১/০৩/১৯৬২ উল্লেখ আছে বিধায়, প্রতিকারপ্রার্থী জনাব মোঃ এমদাদুল হক (ইনডেক্স- D055475) এর জন্ম তারিখ ০১/০৩/১৯৬২-মর্মে প্রতীয়মান হয়।

(গ) উল্লেখ্য যে, জনাব মোঃ এমদাদুল হক (ইনডেক্স- D055475), বর্তমানে ০৮ কোডে বেতন-ভাতাদি পাচ্ছেন। এমপিও শিটে তার জন্ম তারিখ ০১/০৩/১৯৬৩ এর স্থলে ০১/০৩/১৯৬২ সংশোধন করা হলে তার বেতন কোডের/স্কেলের কোন পরিবর্তন হবে না বিধায় সরকারের আর্থিক কোন ক্ষতি হওয়ার সম্ভাবনা নেই। সুতরাং জন্ম তারিখ ০১/০৩/১৯৬৩ এর স্থলে ০১/০৩/১৯৬২ হিসেবে সংশোধনে কোন বাঁধা নেই মর্মে প্রতীয়মান হয়।

মতামতঃসনদ (দাখিল, আলিম), জাতীয় পরিচয় পত্র,কমিটির রেজুলেশন এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী ঢাকা জেলার দক্ষিণখান উপজেলাধীন কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব মোঃ এমদাদুল হক(ইনডেক্স- D055475), এর জন্ম তারিখ ০১/০৩/১৯৬৩ এর পরিবর্তে ০১/০৩/১৯৬২ সংশোধনের জন্য সুপারিশ করা হলো।"

০৩. তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন এবং জেলা শিক্ষা অফিসার, ঢাকা কর্তৃক অগ্রায়ণপত্রের সাথে সংযুক্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: এমদাদুল হক এর দাখিলকৃত সনদসমূহ-দাখিল, তারিখ: $10^{th}$ December 1974), আলিম, তারিখ: $07^{TH}$ August 1976), ফাজিল, তারিখ: $05^{th}$ August 1978 এবং জাতীয় পরিচয় পত্র (এনআইডি নং-4636730683, প্রদানের তারিখ:১৫/০২/২০২১) অনুযায়ী জন্ম তারিখ: ০১.০৩.১৯৬২.

০৪. প্রতিকারপ্রার্থী কর্তৃক ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ দাখিলকৃত হলফনামায় উল্লেখ করা হয় যে, "সংশোধিত জন্ম তারিখ ব্যতীত যদি অন্য কোন জন্ম তারিখ অন্য কোন সরকারি/সায়ত্ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে ব্যবহার করব না। ব্যবহার করলে সংশোধিত জন্ম তারিখটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং যথাযথ কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে তা মানতে বাধ্য থাকব।"

০৫. তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত, জেলা শিক্ষা অফিসার, ঢাকা কর্তৃক সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থী কর্তৃক ৩০০ টাকার নন-

জুডিশিয়াল স্ট্যাম্প এ দাখিলকৃত হলফনামা, সনদসমূহ এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থীর প্রার্থীত জন্ম তারিখ সমর্থন করে বিধায় জনাব মো: এমদাদুল হক এর প্রার্থীত জন্ম তারিখ নিম্নরূপ:

| ক্রম | নাম,ইনডেক্স নং, পদবী ও প্রতিষ্ঠানের নাম | এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ | কাঙ্খিত জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স - D055475), কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দক্ষিণখান, ঢাকা | ০১.০৩.১৯৬৩ | ০১.০৩.১৯৬২ | এমপিও শীটে জন্ম তারিখ ০১.০৩.১৯৬৩ এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত জন্ম তারিখ ০১.০৩.১৯৬২ সংশোধন যোগ্য। |

০৬. এমতাবস্থায়, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত,দাখিলকৃত সনদসমূহ, জাতীয় পরিচয়পত্র,প্রতিকারপ্রার্থীর আবেদন, ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ দাখিলকৃত হলফনামা, সভাপতি/সুপার, কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দক্ষিণখান, ঢাকা এবং জেলা শিক্ষা অফিসার, ঢাকা এর সুপারিশসহ অগ্রায়ণ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স - D055475) এর এমপিও শীটে জন্ম তারিখ ০১.০৩.১৯৬৩ এর পরিবর্তে ০১.০৩.১৯৬২ লিপিবদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কোন দায় থাকবেনা। কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে উক্ত শিক্ষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে প্রতিষ্ঠানের উক্ত শিক্ষক অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে।

৩। পরবর্তীতে সনদ/৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিলকৃত হলফনামা/অন্যান্য ডকুমেন্টস মিথ্যা/ভুল/জাল প্রমাণিত হলে প্রতিকার প্রার্থী জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স - D055475), সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকারপ্রার্থী জনাব মো: এমদাদুল হক (ইনডেক্স - D055475), কোনরুপ বকেয়া দাবী করতে পারবে না।

সংযুক্তি: বর্ণনামতে ০৬ ফর্দ।



১৩-২-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩২১/১(৬)

তারিখ: ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্যান্টনমেন্ট, ঢাকা।

৫) সভাপতি/সুপার/ জনাব মো: এমদাদুল হক(ইনডেক্স - D055475)কাওলার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দক্ষিণখান, ঢাকা।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



১৩-২-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক